কালের কণ্ঠ

তারিখ 04 JAN 2016
পৃ … কলাম ৫

# মেডিক্যালে ভর্তিতে অধূমপায়ী প্রত্যয়ন লাগবে : স্বাস্থ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ▷

সারা দেশের মেডিক্যাল ও ডেন্টাল কলেজগুলোতে ভর্তি হওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের অধূমপায়ীর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আগামী শিক্ষাবর্ষ থেকেই এমন নিয়ম করা হচ্ছে। আর উন্নত দন্ত চিকিৎসাসেবা সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে উপজেলা পর্যায়ের হাসপাতালে ডেন্টাল সার্জন ও জেলা হাসপাতালে জুনিয়র কনসালট্যান্ট (ডেন্টাল) পদ চালু করা হবে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল রবিবার পৃথক সাক্ষাৎ অনুষ্ঠানে এসব কথা বলেছেন।

জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতির (নাটাব) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোজাফফর হোসেন পল্টুর নেতৃত্বে ধূমপান রোধে আন্দোলনরত কয়েকটি সংগঠনের নেতারা গতকাল সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় মন্ত্রী বলেন, চিকিৎসকরা ধূমপান করবেন, এটা ভাবা যায় না। তাই আগামী শিক্ষাবর্ষে মেডিক্যাল ও ডেন্টাল কলেজে যারা ভর্তি হতে আসবে তাদের অধূমপায়ীর প্রত্যয়নপত্র দাখিল করার নিয়ম করা হবে। একই সঙ্গে তিনি বলেন, ধূমপানের সতর্কতা নিয়ে সিগারেটের মোড়ক সচিত্রকরণের ক্ষেত্রে বিদ্যমান আইন মানতে হবে। সরকার পুরো বিষয় মনিটর করবে।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, সমাজ থেকে ধূমপান প্রবণতা দূর করতে হলে শিক্ষিত ও সচেতন জনগোষ্ঠীর মধ্য থেকেই এই অভ্যাস দূর করার আন্দোলন শুরু করতে হবে। এরই অংশ হিসেবে চিকিৎসা শিক্ষায় ভর্তি হতে আসা শিক্ষার্থীদের অধূমপায়ীর প্রত্যয়নপত্র দাখিল করার ঘোষণা দেওয়া হয়েছে। স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্যসচিব সৈয়দ মনজুরুল ইসলাম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নুরুল হক, বিএমএ মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আর্সলান, নাটাবের সাধারণ সম্পাদক খায়ের উদ্দিন আহম্মেদসহ বাংলাদেশ তামাকবিরোধী জোট, অ্যাকশনএইড ইন ডেভেলপমেন্ট, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ-এর প্রতিনিধিরা এ সময় উপস্থিত ছিলেন।

এদিকে বাংলাদেশ ডেন্টাল সোসাইটির প্রতিনিধিরা গতকাল স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সচিবালয়ে সাক্ষাৎ করতে যান। এ সময় মন্ত্রী সব উপজেলা হাসপাতালে সিনিয়র ডেন্টাল সার্জন এবং জেলা হাসপাতালে জুনিয়র কনসালট্যান্ট (ডেন্টাল) পদ সৃষ্টির উদ্যোগ নেওয়া হবে বলে জানান। একই সঙ্গে চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালের ডেন্টাল ইউনিটকে ডেন্টাল কলেজে উন্নীত করার পদক্ষেপ নেওয়ারও ঘোষণা দেন তিনি।